**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**


বিআরপিডি সার্কুলার নং - ০৫

১৪ ফাল্গুন ১৪৩০
তারিখ: -----------------------
২৭ ফেব্রুয়ারি ২০২৪

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
ও ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ/নিযুক্তি এবং তাঁর দায়-দায়িত্ব সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

ব্যাংকিং খাতে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে একজন উপযুক্ত, পেশাগতভাবে দক্ষ ও অভিজ্ঞ ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ হওয়া আবশ্যক। ব্যাংক-কোম্পানীর পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে পূর্বের চেয়ে অনেক বেশি ব্যবসায়িক ও প্রযুক্তিগত ঝুঁকি মোকাবেলায় অধিকতর চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। এ প্রেক্ষাপটে, ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা জারির আবশ্যকতা দেখা দিয়েছে। উল্লিখিত উদ্দেশ্য পূরণকল্পে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১৫(৪), ১৫(৫) ও ১৫ক এবং সংশ্লিষ্ট অন্যান্য ধারার বিধানাবলী অনুসরণে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা এর নিয়োগ এবং তাঁর দায়-দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

২। **ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ বা পুনঃনিয়োগের জন্য যোগ্যতা ও উপযুক্ততা:**

প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ বা পুনঃনিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা থাকতে হবে:

(ক) **চারিত্রিক ও নৈতিক বিশুদ্ধতা:**

(১) তিনি কোনো ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত নন কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন না বা জড়িত নন;

(২) তাঁর সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য নেই;

(৩) তিনি কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হননি;

(৪) তিনি এমন কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের মালিকানার সাথে যুক্ত ছিলেন না যার নিবন্ধন অথবা লাইসেন্স বাতিল করা হয়েছে অথবা কোম্পানী বা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে;

(৫) তিনি এমন কোনো কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে যুক্ত ছিলেন না যার নিবন্ধন অথবা লাইসেন্স তাঁর সরাসরি বা পরোক্ষ অপরাধজনিত কারণে বাতিল করা হয়েছে;

(৬) তিনি অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী থাকাকালীন স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত হননি বা অব্যাহতি প্রাপ্ত হননি;

(৭) কোনো ব্যাংক-কোম্পানী বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা অন্য কোনো পদে আসীন থাকা অবস্থায় তাঁকে স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত করা হয়নি বা অব্যাহতি দেয়া হয়নি;

(৮) বাংলাদেশ ব্যাংকের অফসাইট বা অনসাইট পরিদর্শনে তাঁর বিরুদ্ধে কোনো বিরূপ পর্যবেক্ষণ নেই।

পরবর্তী পৃষ্ঠা/২

(খ) **আর্থিক স্বচ্ছতা/সততা:**

(১) তিনি কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের জন্য খেলাপী নন;

(২) তিনি পাওনাদারের প্রাপ্য পরিশোধ বন্ধ করেননি কিংবা পাওনাদারের সাথে আপস রফার মাধ্যমে পাওনা আদায় হতে অব্যাহতি লাভ করেননি;

(৩) তিনি কর খেলাপী নন;

(৪) তিনি কোনো সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি;

(৫) তিনি ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠানে স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনোরূপ অবৈধ কর্মকান্ডে জড়িত ছিলেন না।

(গ) **শিক্ষাগত যোগ্যতা, উপযুক্ততা ও অভিজ্ঞতা:**

(১) তাঁকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা কিংবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক বা পেশাগত শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তির অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। ডিজিটাল ব্যাংকের প্রধান নির্বাহী নিয়োগের ক্ষেত্রে তথ্যপ্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষাকে অধিক গুরুত্ব দিতে হবে;

(২) তাঁর শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণি থাকতে পারবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ এর কম এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ২.৫০ এর কম ও ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ এর কম হলে তা গ্রহণযোগ্য হবে না। বিদেশ থেকে ডিগ্রী অর্জনের ক্ষেত্রে প্রকাশিত ফলাফল (শ্রেণি/বিভাগ/জিপিএ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও সমতায়িত হতে হবে;

(৩) প্রস্তাবিত পদের অব্যবহিত পূর্ববর্তী পদগুলোতে সংশ্লিষ্ট প্রার্থীর উপর অর্পিত কার্য সম্পাদনের প্রমাণ ও সুনাম থাকতে হবে;

(৪) সংশ্লিষ্ট প্রার্থীর নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে;

(৫) তিনি কোনো ব্যাংক-কোম্পানী বা ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩ এর অধীন প্রতিষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠান বা বীমা কোম্পানী অথবা উক্তরূপ কোম্পানীসমূহের নিয়ন্ত্রিত কোনো প্রতিষ্ঠানের পরিচালক থাকতে পারবেন না বা উক্ত প্রতিষ্ঠানসমূহের কোনো লাভজনক পদে নিযুক্ত থাকতে পারবেন না;

(৬) তিনি অন্য কোনো ব্যবসায়ে বা পেশায় নিয়োজিত থাকতে পারবেন না;

(৭) সংশ্লিষ্ট ব্যাংকে তাঁর কোনো ব্যবসায়িক স্বার্থ জড়িত থাকতে পারবে না;

(৮) ব্যাংকের কোনো পরিচালকের মালিকানাধীন বা স্বার্থ সংশ্লিষ্ট বা নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের সাথে তাঁর কোনো সংশ্লিষ্টতা থাকতে পারবে না;

(৯) সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদে তাঁর পরিবারের কোনো সদস্য অন্তর্ভুক্ত থাকতে পারবে না;

(১০) প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংকিং পেশায় সক্রিয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

৩। **বয়স সীমা:** সংশ্লিষ্ট ব্যক্তির ন্যূনতম বয়স হবে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং কোনো ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি কোনো ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না।

৪। **পদের নামকরণ:** দেশের ব্যাংকিং খাতে বাংকের শীর্ষ কর্মকর্তার পদনাম সমরূপ/একরূপ করার লক্ষ্যে এখন থেকে ব্যাংক-কোম্পানীর শীর্ষ কর্মকর্তার পদনাম "ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা" হিসেবে অভিহিত হবে। তবে, বিদেশী ব্যাংক-কোম্পানীর বাংলাদেশস্থ স্থানীয় শীর্ষ কর্মকর্তার পদনাম উক্ত ব্যাংকের প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত হতে পারবে। এক্ষেত্রে দেশীয় ব্যাংকের শীর্ষ কর্মকর্তার নামের সাথে যথাসম্ভব মিল রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। **নিয়োগ/নিযুক্তির মেয়াদ:** প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগের মেয়াদ হবে সাধারণভাবে ৩ (তিন) বছর, তবে তিনি পুনঃনিয়োগের যোগ্য হবেন। পুনঃনিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বয়স যদি ৬৫ বছর অতিক্রান্ত হতে ৩ (তিন) বছরের কম সময় থাকে তবে সেক্ষেত্রে উক্ত সময়ের জন্যও তাঁকে নিয়োগ দেয়া যাবে। তবে যে মেয়াদের জন্যই প্রস্তাব করা হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণের পর তাঁর উপযুক্ততা পরীক্ষান্তে যে মেয়াদের জন্য নিয়োগ সুপারিশ করা হবে সে মেয়াদের জন্য তাঁকে ব্যাংক নিয়োগ প্রদান করবে।

পরবর্তী পৃষ্ঠা/৩

৬। **নিয়ুক্তি বা পুনঃনিয়ুক্তির কর্মসম্পাদন সূচক/নির্দেশক:** প্রধান নির্বাহী কর্মকর্তার নিযুক্তি বা পুনঃনিযুক্তির সময় ব্যাংকের খেলাপী ঋণের পরিমাণ হ্রাস এবং অবলোপনকৃত (Write-off) ঋণ আদায়ের সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা যুক্ত করতে হবে, এবং সময়ে সময়ে এর অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে। একইসাথে উক্ত পদে নিযুক্ত ব্যক্তির কর্মমূল্যায়নের লক্ষ্যে সুনির্দিষ্ট আর্থিক ও ব্যবস্থাপনাগত উন্নতি বিধানের তথা অন্যান্য কর্মসম্পাদন সূচক/নির্দেশক (Performance indicators) যুক্ত করতে হবে। এতদ্ব্যতীত, আমানতকারীদের স্বার্থে বা ব্যাংকের বা জনস্বার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় যে সকল বিশেষ দায়িত্ব বা লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হবে তাও নিয়ুক্তি/পুনঃনিয়ুক্তির ক্ষেত্রে কর্মসম্পাদন সূচক/নির্দেশক হিসেবে যুক্ত করতে হবে।

৭। **বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ:**

প্রধান নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতাদি নির্ধারণ ও এতদ্‌সম্পর্কিত প্রস্তাব বাংলাদেশ ব্যাংকে দাখিলের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

(১) প্রধান নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতাদি নিরূপণে ব্যাংকের আর্থিক অবস্থা, কর্মকান্ডের ব্যাপকতা, ব্যবসার পরিমাণ ও উপার্জন ক্ষমতার সাধারণ প্রবণতা (Trend);

(২) ব্যাংকের শাখা, উপশাখা, এজেন্ট ব্যাংকিং ও আঞ্চলিক কার্যালয়ের সংখ্যা;

(৩) সংশ্লিষ্ট ব্যক্তির যোগ্যতা ও অতীত কর্ম সফলতা, বয়স ও অভিজ্ঞতা;

(৪) ব্যাংক-কোম্পানীতে নিযুক্ত অন্যান্য কর্মকর্তা বা সমপর্যায়ের অন্য ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে প্রদত্ত বেতন-ভাতাদির পরিমাণ;

(৫) "মূল বেতন" ও "বাড়ি ভাড়া" বাবদ প্রত্যক্ষ বেতন ও ভাতা এবং অন্যান্য ভাতা (যদি থাকে) যোগ করে মোট বেতন-ভাতাদি নিরূপণ করতে হবে। প্রধান নির্বাহীর জন্য প্রস্তাবিত বেতন-ভাতাদি পরিশিষ্ট-'গ' এ বর্ণিত ফরম্যাট অনুযায়ী দাখিল করতে হবে;

(৬) অন্যান্য খাতে উল্লিখিত ভাতা যেমন - ইউটিলিটি বিল, প্রধান নির্বাহী কর্মকর্তার নিজের চিকিৎসা খরচ, ইন্স্যুরেন্স প্রিমিয়াম এর সুনির্দিষ্ট পরিমাণ/সীমা থাকবে। এছাড়া প্রদেয় অন্যান্য সুবিধাদি (যেমন- গাড়ী, জ্বালানি, চালক, ইত্যাদি), যতদূর সম্ভব, অর্থমূল্যে নিরূপণপূর্বক সর্বমোট মাসিক বেতন-ভাতাদি পরিশিষ্ট-'গ' এ বিবৃত থাকবে;

(৭) উৎসব ভাতা হবে সর্বোচ্চ দুইটি, প্রতিটি এক মাসের মূল বেতনের অধিক হবে না;

(৮) লীভ-ফেয়ার অ্যাসিস্টেন্স এক মাসের মূল বেতনের অধিক হবে না;

(৯) প্রধান নির্বাহীর নিয়োগপত্রে উল্লিখিত চাকুরির মেয়াদকালে বেতন-ভাতাদির কোনো শর্ত পরিবর্তন করা যাবে না মর্মে শর্ত আরোপ করতে হবে। পুনঃনিয়ুক্তির ক্ষেত্রে কর্ম-উৎকর্ষতা বিবেচনায় বেতন-ভাতাদির পুনঃনির্ধারণের প্রস্তাব করা যাবে;

(১০) প্রধান নির্বাহী কর্মকর্তা অন্য কোনো পরোক্ষ সুবিধা যেমন - ব্যাংকের মুনাফার বিপরীতে কোনো লভ্যাংশ, কমিশন, ক্লাবের জন্য কোনো চাঁদা বা খরচ, বিদেশে চিকিৎসা খরচ বা বাৎসরিক মেডিকেল চেক-আপ বাবদ খরচ, বিদেশে পরিবারের সদস্যদের চিকিৎসা খরচ, ব্যক্তিগত ভ্রমণের ক্ষেত্রে নিজের বা পরিবারের সদস্যদের বিদেশ ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না। তবে, তাঁর নিজের জন্য বিদেশে (এশিয়ার যেকোনো দেশে) চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে দেশের চিকিৎসা যথেষ্ট নয় মর্মে বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যয়নের ভিত্তিতে তিনি বিদেশে চিকিৎসা সুবিধা গ্রহণ করতে পারবেন;

(১১) চুক্তিভিত্তিক নিয়ুক্তি বিধায় চুক্তির মেয়াদকালে প্রধান নির্বাহী কর্মকর্তা বার্ষিক বেতন বৃদ্ধি বা ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি সুবিধা, নববর্ষ ভাতা, ছুটি নগদায়ন, সুপারঅ্যানুয়েশন ফান্ড, বেনোভোলেন্ট ফান্ড সুবিধা প্রাপ্য হবেন না;

(১২) প্রধান নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতাদির বিপরীতে ব্যাংক কোনো আয়কর প্রদান করবে না অর্থাৎ নিয়োগকৃত ব্যক্তিকে নিজ উৎস হতে আয়কর প্রদান করতে হবে;

(১৩) নিয়োগের প্রস্তাবে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রাপ্য বার্ষিক ছুটির পরিমাণ (ছুটির ধরনসহ) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

(১৪) অনুচ্ছেদ ৭(৫) ও ৭(৬) এ উল্লিখিত বেতন-ভাতাদিসহ অত্র সার্কুলারে বর্ণিত অন্যান্য অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদি ছাড়া প্রধান নির্বাহী কর্মকর্তা অন্য কোনো প্রত্যক্ষ বা পরোক্ষ সুবিধা প্রাপ্য হবেন না। এক্ষেত্রে তাঁর প্রাপ্য সকল সুবিধাদি চুক্তিপত্রে সুনির্দিষ্টকৃত ও স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

(১৫) অসঙ্গতিপূর্ণ মাত্রাতিরিক্ত বেতন-ভাতাদির প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের নিকট বিবেচনাযোগ্য হবে না।

পরবর্তী পৃষ্ঠা/৪

৮। **উৎসাহ বোনাস:** ব্যাংকের সাধারণ কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উৎসাহ বোনাস প্রদান সাপেক্ষে ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহী কর্মকর্তার অনুকূলে প্রদেয় এরূপ উৎসাহ বোনাস বছরে ১৫ (পনেরো) লক্ষ টাকার বেশী হবে না। আরও শর্ত থাকে যে, ব্যাংকের অন্য কোনো কর্মকর্তা প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য নির্ধারিত সীমার অধিক উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না।

৯। **পর্ষদ সভায় উপস্থিতির জন্য সম্মানী প্রদান:** প্রধান নির্বাহী কর্মকর্তা ব্যাংকের বেতনভুক্ত কর্মকর্তা বিধায় পর্ষদ বা পর্ষদ কর্তৃক গঠিত কমিটির সভায় উপস্থিতির জন্য কোনো সম্মানী প্রাপ্য হবেন না।

**১০। প্রধান নির্বাহী পদে নিয়োগের পূর্বে মনোনীত ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণ এবং বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ:**

(১) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১৫ এর উপ-ধারা (৪) ও (৫) এর বিধান অনুযায়ী ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা নিযুক্তি বা পুনঃনিযুক্তির পূর্বে বাংলাদেশ ব্যাংকের লিখিত পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

(২) নিযুক্তি বা পুনঃনিযুক্তির ০২ মাস পূর্বে প্রয়োজনীয় নথি ও তথ্যাবলীসহ বাংলাদেশ ব্যাংকের নিকট নিয়োগ প্রস্তাব দাখিল করতে হবে;

(৩) অধিকতর সুশাসন নিশ্চিতকরণ এবং আমানতকারীগণের স্বার্থ রক্ষার্থে ব্যাংক কর্তৃক মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের যোগ্যতা ও উপযুক্ততা যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এতদুদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি গভর্নর এর নেতৃত্বে গঠিত কমিটিতে মনোনীত ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে কমিটির ইতিবাচক সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক তাঁর নিযুক্তি বা পুনঃনিযুক্তির অনুমোদন প্রদান করবে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে তাঁকে সংশ্লিষ্ট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ ব্যক্তিগতভাবে উপস্থিত হতে হবে। এক্ষেত্রে মনোনীত ব্যক্তির যোগ্যতা, উপযুক্ততা, দায়িত্বের প্রতি অঙ্গীকার, অভিজ্ঞতা ও নেতৃত্বের গুণাবলীর বিষয় কমিটির নিকট ইতিবাচক ও গ্রহণযোগ্য মর্মে বিবেচিত না হলে নিয়োগের অনুমোদন না দেয়ার কারণ লিপিবদ্ধ করে পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংকের চেয়ারম্যানকে অবহিত করা হবে;

(৪) ব্যবস্থাপনা পরিচালক নিযুক্তি বা পুনঃনিযুক্তির জন্য দাখিলকৃত প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ও তথ্যাবলী সংযুক্ত করতে হবে:

(১) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রস্তাব;

(২) সংশ্লিষ্ট ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের (NID) কপি, ছবি ও যোগাযোগের বর্তমান ও স্থায়ী ঠিকানা, পূর্ব অভিজ্ঞতার বিবরণসহ পূর্ণ জীবনবৃত্তান্ত;

(৩) নিয়োগ চুক্তির সত্যায়িত কপি (শর্তাবলী, অনুচ্ছেদ ৭ ও ৮ এ বর্ণিত নির্দেশনা অনুসারে প্রদেয় প্রত্যক্ষ ও পরোক্ষ বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদির উল্লেখসহ);

(৪) পরিচালনা পর্ষদের নিয়োগ সংক্রান্ত অনুমোদনের সত্যায়িত কপি;

(৫) ব্যাংক কর্তৃক সুনির্দিষ্টকৃত আর্থিক ও ব্যবস্থাপনাগত উন্নতি বিধানের শর্তাদি তথা কর্মসম্পাদন সূচক/নির্দেশক (Performance indicators) এর বিবরণ;

(৬) মনোনীত ব্যক্তির ঘোষণাপত্র (পরিশিষ্ট -'ক');

(৭) মনোনীত ব্যক্তির গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র (পরিশিষ্ট -'খ)';

(৮) মনোনীত ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি;

(৯) মনোনীত ব্যক্তি কর্তৃক প্রাপ্ত সর্বশেষ বেতন-ভাতা বা পুনঃনিযুক্তির ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রাপ্ত সর্বশেষ বেতন-ভাতাদির বিবরণ ও তার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি;

(১০) মনোনীত ব্যক্তির সর্বশেষ আয়কর সনদের কপি;

(১১) মনোনীত ব্যক্তির সিআইবি প্রতিবেদন এবং Enquiry Form-1 (পরিশিষ্ট -'ঘ'), Enquiry Form-2 (পরিশিষ্ট -'ঙ') ও Undertaking Form (পরিশিষ্ট -'চ');

(১২) তিনি নিজে বা পরিবারের কোনো সদস্য সংশ্লিষ্ট ব্যাংকের শেয়ারধারণ করে থাকলে তার নিজের স্বাক্ষরিত ও ব্যাংকের কোম্পানী সচিব কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিবরণ;

(১৩) তাঁর পারিবারিক ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্টতার বিবরণ (যদি থাকে) যথা- ব্যবসার নাম, ঠিকানা ও অন্যান্য প্রয়োজনীয় বিবরণ;

(১৪) মনোনীত ব্যক্তি প্রধান নির্বাহী পদে নিযুক্ত হলে ব্যাংকের ঋণ শৃঙ্খলা, উন্নতি, উৎকর্ষতা, প্রযুক্তি, উদ্ভাবন সর্বোপরি আমানতকারীদের আস্থা এবং গ্রাহক সেবা বৃদ্ধিতে তিনি কিভাবে অবদান রাখবেন সে সম্পর্কে তাঁর নিজের স্বাক্ষরিত কর্মপরিকল্পনার বিবরণ।

পরবর্তী পৃষ্ঠা/৫

১১। **মূল্যায়ন প্রতিবেদন:** প্রধান নির্বাহী কর্মকর্তার পুনঃনিয়োগের ক্ষেত্রে একটি মূল্যায়ন প্রতিবেদন ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে চেয়ারম্যান কর্তৃক বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনায় নিতে হবে যথা-

(১) খেলাপী ঋণ আদায়ের জন্য পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পরিমাণ;
(২) অবলোপনকৃত (Write-off) ঋণ আদায়ের পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পরিমাণ;
(৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগের মেয়াদকালে সময় সময় নির্ধারিত দায়িত্ব/লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রতিবেদন;
(৪) সুনির্দিষ্টকৃত আর্থিক, ব্যবসায়িক ও ব্যবস্থাপনাগত উন্নতি বিধানের (Performance) লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ;
(৫) ব্যাংকের মুখ্য আর্থিক সূচক যথা- CAMELS এর কী ধরনের উন্নতি হয়েছে তার বিবরণ।

১২। **বহিঃবাংলাদেশ ভ্রমণ:** ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা দীর্ঘ সময়ের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান যতদূর সম্ভব পরিহার করবেন। বহিঃবাংলাদেশ ভ্রমণ অত্যাবশ্যকীয় হলে দেশের বাইরে গমনের ১০ (দশ) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে। বহিঃবাংলাদেশ ভ্রমণের পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে ব্যাংক কর্তৃক প্রেরিত প্রস্তাবের সাথে নিম্নোক্ত তথ্যাবলী ও কাগজপত্রাদি (কোম্পানী সচিব কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে:

(১) পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের সত্যায়িত কপি;
(২) প্রস্তাবিত ভ্রমণের সময় (যাতায়াত সময়সহ);
(৩) ভ্রমণের উদ্দেশ্য এবং দেশের বাহিরে অবস্থানকালীন ঠিকানা (একাধিক দেশ হলে প্রত্যেক দেশের নাম, সম্ভাব্য অবস্থানের মেয়াদ ও ঠিকানা);
(৪) সংশ্লিষ্ট পঞ্জিকা বছরে বহিঃবাংলাদেশ ভ্রমণ কতবার করা হয়েছে তার সংখ্যা ও ভ্রমণের উদ্দেশ্য এবং সর্বশেষ ভ্রমণের তারিখ ও দেশ;
(৫) ভ্রমণ ব্যয়ের উৎস।

বহিঃবাংলাদেশ ভ্রমণের আবেদন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত হলে, প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতকালীন তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন, সেল ফোন নাম্বার ও ই-মেইল ঠিকানা প্রধান নির্বাহীর কর্মস্থল ত্যাগের পূর্বে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-২) কে লিখিতভাবে অবহিত করতে হবে।

১৩। **প্রধান নির্বাহী কর্মকতার পদ হতে অব্যাহতি প্রদান, বরখাস্ত বা অপসারণ এবং শূন্য পদ পূরণ:**

(১) চরম স্খলন/বিচ্যুতিপূর্ণ (Gross aberration) কাজ না করে থাকলে কোনো প্রধান নির্বাহী কর্মকর্তার চুক্তির মেয়াদপূর্তির পূর্বে অপসারণ বা উক্ত চুক্তি বাতিল করা যাবে না;

(২) নিয়োগ চুক্তির মেয়াদপূর্তির পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক প্রধান নির্বাহী কর্মকর্তার চুক্তি বাতিল বা তাঁকে অপসারণ করতে চাইলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক এরূপ প্রস্তাব অনুমোদনের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে। সার্বিক বিষয় বিবেচনায় বাংলাদেশ ব্যাংক এরূপ প্রস্তাব অনুমোদন করলে অনুমোদনের এক মাস পর তা কার্যকর হবে। কিন্তু বাংলাদেশ ব্যাংক কর্তৃক এরূপ প্রস্তাব নাকচ করা হলে সংশ্লিষ্ট প্রধান নির্বাহী কর্মকর্তা তাঁর চুক্তির মেয়াদের অবশিষ্ট সময় স্ব-পদে বহাল থাকবেন;

(৩) চুক্তির মেয়াদপূর্তির পূর্বে প্রধান নির্বাহী কর্মকর্তা ব্যক্তিগত বা অন্য কোনো কারণে পদত্যাগ করার আবেদন করলে এরূপ আবেদন পরিচালনা পর্ষদের সুপারিশসহ বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের কমিটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক প্রদত্ত সুপারিশ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক যে সিদ্ধান্ত প্রদান করবে তা চূড়ান্ত বলে গণ্য হবে;

(৪) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ অথবা ৪৬ ধারার বিধান অনুসরণে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক যে কোনো ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তাকে যে কোনো সময় তাঁর পদ থেকে অব্যাহতি/বরখাস্ত/অপসারণ করতে পারবে;

(৫) প্রধান নির্বাহী কর্মকর্তার স্বেচ্ছায় পদত্যাগ বা মেয়াদান্তে, কিংবা অন্য কোনো কারণে উক্ত পদ শূন্য হলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫ক(১) ধারায় বর্ণিত বিধান অনুযায়ী ব্যাংক তাৎক্ষণিকভাবে উক্ত শূন্য পদে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক প্রধান নির্বাহী কর্মকর্তা পদের অব্যবহিত নিচের পদ হতে কোনো যোগ্য কর্মকর্তাকে (সমপদে একাধিক কর্মকর্তা থাকলে সেক্ষেত্রে অপেক্ষাকৃত জ্যেষ্ঠ কর্মকর্তাকে) ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সর্বোচ্চ ৩ (তিন) মাস সময়ের জন্য নিয়োগকরতঃ উক্ত কর্মকর্তার জীবনবৃত্তান্ত ও অন্যান্য বিবরণসহ বাংলাদেশ ব্যাংককে লিখিতভাবে অবহিত করতে হবে। এরূপ নিযুক্ত অস্থায়ীভাবে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার সার্বিক দায়িত্ব পালন করবেন;

(৬) প্রধান নির্বাহী কর্মকর্তার পদ একাদিক্রমে ৩ (তিন) মাসের অধিক সময়ের জন্য শূন্য রাখা যাবে না এবং উল্লিখিত সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তার শূন্য পদ পূরণ করা না হলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫ক(৩) ধারায় বর্ণিত বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক উক্ত ব্যাংকে প্রশাসক নিযুক্ত করতে পারবে;

(৭) উল্লিখিত নির্দেশনাসমূহ বিদেশী ব্যাংকের স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

**১৪। বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংক-কোম্পানীর স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগঃ**

বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকের স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে গণ্য করা হবে না। তাঁকে বাংলাদেশে ব্যাংকটির কার্যক্রমের জন্য স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে গণ্য করা হবে বিধায় তাঁর নিয়োগ নীতিমালা নিম্নরূপঃ

(১) বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংকের স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার নিযুক্তি বা পুনঃনিযুক্তির ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫(৪) ধারায় বর্ণিত বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। স্থানীয় প্রধান নির্বাহী কর্মকর্তার পদে বিদেশী নাগরিক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) হতে 'কর্মানুমতি (Work permit)' গ্রহণ করতে হবে। উক্ত 'কর্মানুমতি' প্রাপ্তির ৭ দিনের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগকে কর্মানুমতির কপিসহ লিখিতভাবে অবহিত করতে হবে। এরূপ নিযুক্ত স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহীকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত তাঁর পদ হতে বরখাস্ত, অব্যাহতি প্রদান বা অপসারণ করা যাবে না;

(২) স্থানীয় প্রধান নির্বাহী কর্মকর্তার পদ একাদিক্রমে তিন মাসের অধিক সময়ের জন্য শূন্য রাখা যাবে না এবং উল্লিখিত সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তার শূন্য পদ পূরণ করা না হলে বাংলাদেশের ব্যাংকিং কার্যক্রম তদারকির জন্য বাংলাদেশ ব্যাংক প্রশাসক নিযুক্ত করতে পারবে;

(৩) বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকের স্থানীয় প্রধান নির্বাহী কর্মকর্তার বেতন-ভাতাদি অনুচ্ছেদ ৭ ও ৮ এ বর্ণিত নির্দেশনা অনুসরণকরত: সংশ্লিষ্ট বিদেশী ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুসারে নির্ধারিত হতে পারে। সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত ব্যাংক-কোম্পানীর Pay-roll এর আওতায় নিয়মিত (regular) কর্মকর্তা হলে ব্যাংকের নিজস্ব নিয়মে বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন এবং তাঁর উৎসাহ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটিসহ অন্যান্য সুবিধাদি নিজস্ব নীতিমালা অনুযায়ী প্রাপ্য হবেন;

(৪) এতদ্ব্যতীত, স্থানীয় ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা নিযুক্তি বা পুনঃনিযুক্তির ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর বিধান এবং এ সার্কুলারের অন্যান্য নির্দেশনা প্রযোজ্য হবে।

**১৫। প্রধান নির্বাহী কর্মকর্তার দায়-দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা:**

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা নিম্নরূপ দায়িত্ব ও কর্তব্য পালন এবং ক্ষমতা প্রয়োগ করবেন:

(ক) **আস্থা ও বিশ্বস্ততার দায়িত্ব (Fiduciary Duty) পালন:** আমানতকারী ও ব্যাংক-কোম্পানীর সর্বোচ্চ স্বার্থ রক্ষার লক্ষ্যে আস্থা ও বিশ্বস্ততার দায়িত্ব পালন সম্পর্কে প্রধান নির্বাহী কর্মকর্তার যথাযথ জ্ঞান ও ধারণা থাকতে হবে। যথা-

(১) তিনি ব্যাংক ব্যবসা সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান ও রীতি-নীতি অনুসরণ করবেন। এতদ্ব্যতীত, সকল প্রকার অবহেলা বা গাফিলতি পরিহারপূর্বক বিচক্ষণতার সাথে কার্য সম্পাদন করবেন, যাতে তাঁর কারণে ব্যাংক-কোম্পানী এবং আমানতকারীদের আর্থিক বা অন্য কোনোরূপ ক্ষতি সাধিত না হয় (duty of care);

(২) তিনি সরল বিশ্বাসে, ব্যাংক-কোম্পানীর প্রতি অনুগত থেকে স্বার্থের সংঘাত পরিহারপূর্বক কার্য সম্পাদন করবেন যেন তাঁর নিজের বা অন্য কোনো ব্যক্তি বা গ্রুপের স্বার্থসিদ্ধির স্থলে ব্যাংক-কোম্পানী ও আমানতকারীদের স্বার্থ সংরক্ষিত হয় (duty of loyalty);

(৩) যে কার্য বা উদ্দেশ্যে তাঁকে ক্ষমতা প্রদান করা হবে সেই কার্য বা উদ্দেশ্যেই তিনি প্রাপ্ত ক্ষমতা প্রয়োগ করবেন।

(খ) **আর্থিক, ব্যবসায়িক ও প্রশাসনিক দায়-দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা:**

(১) ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অর্পিত আর্থিক, ব্যবসায়িক ও প্রশাসনিক ক্ষমতা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা স্বীয় দায়িত্ব ও কর্তব্য পালন করবেন;

(২) ব্যাংকের ব্যবসায়িক কর্মপরিকল্পনার বাস্তবায়ন এবং সুষ্ঠু প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে ব্যাংকের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি দায়বদ্ধ থাকবেন/জবাবদিহি করবেন;

(৩) পরিচালনা পর্ষদ বা এর কোনো সহায়ক কমিটির সভায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক স্মারক উপস্থাপনকালে উত্থাপিত কোনো বিষয়ে আলোচনাকালে সম্মানিত পর্ষদ সদস্যগণ কর্তৃক ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার বিষয়ে কোনোরূপ ভুল ব্যাখ্যা করা হলে বা ভিন্নরূপ নির্দেশনা প্রদান করা হয়ে থাকলে সে সম্পর্কে প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট আইনের/নির্দেশনার সুনির্দিষ্ট ব্যাখ্যা পর্ষদকে লিখিতভাবে অবহিত করতে হবে;

(৪) পরিচালনা পর্ষদ সভায় বা অন্য কোনো সহায়ক কমিটির সভায় পর্ষদের সদস্য বা সদস্যগণ কর্তৃক ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ বা অন্য কোনো আইন, বিধি, নির্দেশনা, রীতি-নীতি লঙ্ঘন করা হলে প্রধান নির্বাহী কর্মকর্তাকে সে বিষয়ক তথ্য বাংলাদেশ ব্যাংককে লিখিতভাবে, ক্ষেত্রমত, মৌখিকভাবে অবহিত করতে হবে;

(৫) প্রধান নির্বাহী কর্মকর্তার দুইস্তর অধঃস্তন ব্যতীত অন্য সকল কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ ও পদোন্নতি প্রধান নির্বাহীর উপর ন্যস্ত থাকবে। পর্ষদের অনুমোদিত নীতিমালার ভিত্তিতে চাকুরিবিধি মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা এ সকল ক্ষেত্রে দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালে তিনি আবেগের বশবর্তী হয়ে অথবা স্বজনপ্রীতির মাধ্যমে কোনো কর্ম সম্পাদন বা সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না;

(৬) প্রধান নির্বাহী কর্মকর্তার দুইস্তর অধঃস্তন ব্যতীত অন্য সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, বদলী, পদোন্নতি/শৃঙ্খলা ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত ক্ষমতা প্রধান নির্বাহী কর্মকর্তার উপর ন্যস্ত থাকবে, যা তিনি ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদিত চাকুরিবিধি অনুযায়ী প্রয়োগ করবেন। এতদ্ব্যতীত, পর্ষদ কর্তৃক অনুমোদিত মানবসম্পদ নীতিমালার আওতায় প্রধান নির্বাহী কর্মকর্তা প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদির জন্য যে কোনো কর্মকর্তাকে মনোনয়ন দিতে পারবেন। বহিঃবাংলাদেশ প্রশিক্ষণ বা অন্য কোনো কারণে কর্মকর্তা মনোনয়নের ক্ষেত্রে সরকারি কোনো বিধি-নিষেধ আরোপিত থাকলে তিনি উক্ত বিধি-নিষেধ অনুসরণে বাধ্য থাকবেন।

পরবর্তী পৃষ্ঠা/৮

১৬। ব্যাংকের পরিচালনা পর্ষদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে এ সার্কুলার জারির অব্যবহিত পরবর্তী পরিচালনা পর্ষদের সভায় সার্কুলারের বিষয়বস্তু নিয়ে একটি স্বয়ংসম্পূর্ণ কার্যপত্র উপস্থাপন করতে হবে। এতদ্ব্যতীত, এ সার্কুলারটি ব্যাংকের সকল কর্মকর্তাগণের নজরে আনয়নের ব্যবস্থা করতে হবে।

১৭। বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ তারিখ ২৭ অক্টোবর ২০১৩; বিআরপিডি সার্কুলার লেটার নং-২০ তারিখ ২৩ ডিসেম্বর ২০১৪; বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ তারিখ ২৫ ফেব্রুয়ারি ২০১৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬ তারিখ ২৪ ডিসেম্বর ২০১৮, বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখ ২৩ মার্চ ২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪ তারিখ ০৫ জুলাই ২০২১ এতদ্দ্বারা বাতিল করা হলো।

১৮। এতদ্‌সত্ত্বেও, অনুচ্ছেদ ১৭ এ বর্ণিত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনার আওতায় ইতোমধ্যে নিযুক্ত/নিয়োগকৃত ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তাগণের বর্তমান নিয়োগের মেয়াদে নির্দিষ্টকৃত শর্তাবলীসহ (যার মাধ্যমে অধিকতর সুবিধা প্রাপ্য) গৃহীত সকল কার্যক্রম বলবৎ থাকবে।

১৯। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫, ১৫ক ধারা এবং ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ )
পরিচালক (বিআরপিডি)
ফোন-৯৫৩০০৯৫

**পরিশিষ্ট -'ক'**

## ঘোষণাপত্র

আমি এতদ্বারা ঘোষণা করছি যে- ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫ ধারার উপ-ধারা (৬) এ বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অন্যান্য বিধানাবলী এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর বিধান অনুযায়ী আমি ব্যাংক-কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্ত হওয়ার যোগ্য। আমি আরও ঘোষণা করছি যে-

(১) ব্যাংকিং পেশায় সক্রিয় কর্মকর্তা হিসেবে আমার ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা রয়েছে;

(২) আমি কোনো আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দণ্ডিত হইনি কিংবা কোনো জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই;

(৩) কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নেই;

(৪) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হইনি;

(৫) আমি এমন কোনো কোম্পানী/প্রতিষ্ঠানের মালিকানার সাথে যুক্ত ছিলাম না, যার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা হয়েছে বা যা অবসায়িত হয়েছে;

(৬) আমি এমন কোনো কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে যুক্ত ছিলাম না যার নিবন্ধন অথবা লাইসেন্স আমার সরাসরি বা পরোক্ষ অপরাধজনিত কারণে বাতিল করা হয়েছে;

(৭) আমি অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী থাকাকালীন স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত হইনি বা অব্যাহতি প্রাপ্ত হইনি;

(৮) কোনো ব্যাংক-কোম্পানী বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা অন্য কোনো পদে আসীন থাকা অবস্থায় স্বীয় পদ হতে আমাকে অপসারণ/বরখাস্ত/অবনমিত করা হয়নি বা অব্যাহতি দেয়া হয়নি;

(৯) আমার নিজের কিংবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে কোনো খেলাপী ঋণ নেই;

(১০) আমি কখনো কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইনি;

(১১) আমি কোনো ব্যাংক-কোম্পানী বা ফাইন্যান্স কোম্পানী বা বীমা কোম্পানী অথবা উক্তরূপ কোম্পানীসমূহের নিয়ন্ত্রিত কোনো প্রতিষ্ঠানের পরিচালক নই বা কোনো পদে নিযুক্ত নই কিংবা অন্য কোনো কোম্পানী বা প্রতিষ্ঠানের পরিচালক নই কিংবা অন্য কোনো পদে অধিষ্ঠিত নই;

(১২) আমি অন্য কোনো ব্যবসায়ে বা পেশায় নিয়োজিত নই;

(১৩) সংশ্লিষ্ট ব্যাংকে আমার কোনো ব্যবসায়িক স্বার্থ জড়িত নেই;

(১৪) ------ ব্যাংক পিএলসি এর কোনো পরিচালকের মালিকানাধীন বা স্বার্থ সংশ্লিষ্ট বা নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের সাথে আমার কোনো সংশ্লিষ্টতা নেই;

(১৫) ------ ব্যাংক পিএলসি এর পরিচালনা পর্ষদে আমার পরিবারের কোনো সদস্য নিযুক্ত নেই;

(১৬) আমাকে কখনো কোনো কোম্পানী বিশেষতঃ আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা, চেয়ারম্যান বা পরিচালক পদ হতে অপসারণ করা হয়নি;

(১৭) আমি কোনো পাওনাদারের প্রাপ্য পরিশোধ বন্ধ করিনি কিংবা পাওনাদারের সাথে আপস রফার মাধ্যমে পাওনা আদায় হতে অব্যাহতি লাভ করিনি;

(১৮) আমি ব্যক্তিগতভাবে অথবা ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান অথবা অংশীদারী প্রতিষ্ঠানের জন্য কর খেলাপী নই।

তারিখ: স্বাক্ষর:

নাম:

প্রতিস্বাক্ষর ঃ

নাম ঃ

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ

......................... ব্যাংক পিএলসি

পরবর্তী পৃষ্ঠা/২

**পরিশিষ্ট-'খ'**

## গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র

আমি, নিম্ন স্বাক্ষরকারী এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, ------------------ ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিযুক্ত হলে, দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত কোনো বিষয় অথবা আমার গোচরীভূত কোনো বিষয় প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে, আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবলমাত্র তা প্রকাশ করবো।

স্বাক্ষর :

নাম :

তারিখ :

সাক্ষী :

১। নাম :

পদবী (ব্যাংকের মানব সম্পদ বিভাগের প্রধান):

অফিসিয়াল সিল:

ফোন নাম্বার:

২। নাম :

পদবী (ব্যাংকের কোম্পানী সচিব):

অফিসিয়াল সিল:

ফোন নাম্বার:

**পরিশিষ্ট -'গ'**

**বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি**

বিআরপিডি সার্কুলার নং-০৫ এর অনুচ্ছেদ ৭ এর নির্দেশনা অনুযায়ী প্রস্তাবিত ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য প্রদেয় "মূল বেতন" ও "বাড়ি ভাড়া" খাতে প্রত্যক্ষ বেতন-ভাতা এবং "অন্যান্য" খাতে ভাতা ও সুবিধাদিসহ নিরূপিত সর্বমোট বেতন-ভাতাদি:

(১) "মূল বেতন" ও "বাড়ি ভাড়া" খাতে প্রত্যক্ষ বেতন নিম্নরূপ:

| **খাত** | **টাকার পরিমাণ** |
|---|---|
| মূল বেতন | |
| বাড়ি ভাড়া | |
| **উপমোট** | |

(২) "অন্যান্য" খাতে ভাতা ও সুবিধাদি যথা - বাড়ি রক্ষণাবেক্ষণ ভাতা, আপ্যায়ন ভাতা, ইউটিলিটি বিল, প্রধান নির্বাহী কর্মকর্তার নিজের চিকিৎসা খরচ (বাংলাদেশে), ইন্স্যুরেন্স প্রিমিয়াম, গাড়ী, জ্বালানি, চালক, নিরাপত্তা কর্মী, মালি, পাচক, গৃহকর্মী, ফোন, ইন্টারনেট, পত্রিকা খরচ, ইত্যাদি বাবদ (যদি থাকে) প্রতি মাসে প্রদেয় ভাতা/অর্থ:

| **খাত** | **আনুমানিক টাকা/প্রকৃত খরচ** | **মন্তব্য** |
|---|---|---|
| বাড়ি রক্ষণাবেক্ষণ ভাতা, যেমন- নিরাপত্তা কর্মী, মালি, পাচক ও গৃহকর্মী, ইত্যাদি (প্রকৃত খরচ) | | |
| আপ্যায়ন ভাতা | | |
| ইউটিলিটি বিল (প্রকৃত খরচ) | | |
| প্রধান নির্বাহী কর্মকর্তার নিজের চিকিৎসা বাবদ প্রকৃত খরচ (বাংলাদেশে) | | |
| ইন্স্যুরেন্স প্রিমিয়াম (গ্রুপ, যদি থাকে) | | |
| গাড়ীর চালক, গাড়ীর জ্বালানি ও রক্ষণাবেক্ষণ খরচ (প্রকৃত খরচ) | | |
| ফোন, ইন্টারনেট, পত্রিকা খরচ (থোক বরাদ্দ) | | |
| **উপমোট** | | |
| **সর্বমোট বেতন-ভাতাদি [(১)+(২)] =** | | |

পরিশিষ্ট -'ঘ'

# Enquiry Form-1

## (For Individual)

Individual data

| 1. Title | Name* |
|---|---|
| | |
| 2. Father's title | Father's Name* |
| | |
| 3. Mother's title | Mother's Name* |
| | |
| 4. Spouse's title | Spouse's Name |
| | |
| 5. National ID number* (10/17 digits) | 6. TIN |
| | |
| 7. Date of birth(dd/mm/yyyy)* | 8. Gender* |
| | |
| 9. District of birth* | 10. Country of birth* |
| | |

11. Main (Permanent) address:

Street no./Street name/Village/PS/Upazilla*

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

12. Additional (Present) address:

Street no./Street name/Village/PS/Upazilla

| District | Postal Code | Country |
|---|---|---|
| | | |

13. Identification document data:

| ID type (Passport/Driving License/Commissioner Certificate) | ID number |
|---|---|
| | |
| ID issue date(dd/mm/yyyy): | ID issue country: |
| | |

| 14. Telephone number |
|---|

*** indicates mandatory information to be provided.**

1. If Country of birth (SL 10) is Bangladesh then **NID no (SL 5) is Mandatory.**
2. If Country of birth (SL 10) is other than Bangladesh then **Passport Information (SL 13) is Mandatory.**

পরবর্তী পৃষ্ঠা/৫

পরিশিষ্ট-‘ঙ’

**Enquiry Form-2**
**(For Proprietorship/Partnership/Limited or any other Company)**

Company data

| 1. Title | Trade Name* |
|---|---|
| | |
| 2. Legal form*' ** | 3. TIN* |
| | |

Company's main (Permanent) address:

4. Street no./Street name/Village/PS/Upazilla*

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

Additional (Business) address:

5. Street no./Street name/Village/PS/Upazilla

| District | Postal Code | Country |
|---|---|---|
| | | |

6. Telephone number

* indicates mandatory information to be provided.

** indicates form of a company like Proprietorship, Partnership, Public Limited, Private Limited, Corporation etc.

পরবর্তী পৃষ্ঠা/৬

পরিশিষ্ট -‘চ’

# UNDERTAKING

To
The Manager
…………………….
…………………….
…………………….
Subject: Provision of information on the ownership of companies and their bank liabilities.

Dear Sir,
I, ………………………………owner/partner/director/guarantor of ..........................................., am applying for sanctioning/renewal/rescheduling of a loan in my own name/ aforementioned company’s name. My father’s name:……………………….., mother’s name:……………………, husband’s name(in case of married woman):…………………………., Permanent address: Street No/Village.………… Street Name/PS/Upazilla…………………District……………Postal code……Country…………….., Business address: Street No/Village.………… Street Name/PS/Upazilla …………………District……………Postal code………Country…………….., Date of Birth:……………., District of Birth:……………., Country of Birth:……………., National ID Number:……………….., Other ID documents(Passport/Driving license /Birth Registration Certificate): ID number…………ID issue date……………ID issue country……………….., TIN:……………………………., Gender: Male/Female, Telephone Number:………………are given for your kind consideration. The list of companies under the ownership of mine along with their bank liability status is given in the following table:

| Serial no. | Name of the Company | Main Address | Additional Address | Whether the company is availing any loan or not | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | Yes | | No |
| | | | | Name of the bank/FI | Name of the branch | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

Apart from stated above, if any liability in my own name or my company’s name is found, I will be bound to obey any decision made by the authority concerned relating to sanctioning/renewal/rescheduling of the loan applied for and I will be punishable by law for providing this false or fabricated information.

| | |
|---|---|
| Seal and Signature of the bank official who certified the borrower | Customer’s Signature:<br>Name:<br>Name of the Borrowing organization: |

*If necessary, extra paper could be used for list of companies.

------